



যুদ্ধবিরতির অংশ লেবানন, ইসরায়েলি হামলায় ইরানের তীব্র প্রতিক্রিয়া



ছবি: সংগৃহীত

লেবাননে ইসরায়েলি হামলাকে কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। তার মতে, এ ধরনের হামলা যুদ্ধবিরতি চুক্তির সরাসরি লঙ্ঘন এবং এতে চলমান কূটনৈতিক প্রচেষ্টাও প্রশ্নের মুখে পড়বে।

তিনি আরও বলেন, ইরান সবসময় লেবাননের জনগণের পাশে থাকবে। একই সঙ্গে তিনি দাবি করেন, লেবাননে চালানো হামলা যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া যুদ্ধবিরতি চুক্তির শর্ত ভঙ্গ করেছে, যা ভবিষ্যৎ আলোচনাকে অর্থহীন করে তুলতে পারে।

অন্যদিকে ইরানের পার্লামেন্ট স্পিকার বাঘের গালিবাফও লেবাননকে যুদ্ধবিরতির একটি অপরিহার্য অংশ হিসেবে উল্লেখ করেন। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় তিনি সতর্ক করে বলেন, যুদ্ধবিরতি ভঙ্গের যেকোনো ঘটনা গুরুতর পরিণতি ডেকে আনবে। তার ভাষায়, লেবানন এবং প্রতিরোধ জোট—ইরানের মিত্র হিসেবে—এই চুক্তির অবিচ্ছেদ্য অংশ।

এদিকে যুদ্ধবিরতি উপেক্ষা করে লেবাননে নতুন করে হামলা চালিয়েছে ইসরায়েল। রাজধানী বেরুতসহ বিভিন্ন এলাকায় চালানো বিমান হামলায় একাধিক আবাসিক ভবন ধ্বংস হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে সড়ক ও বিভিন্ন অবকাঠামোও।

আলজাজিরার তথ্য অনুযায়ী, এসব হামলায় বুধবার পর্যন্ত নিহতের সংখ্যা বেড়ে প্রায় ২০০ জনে পৌঁছেছে এবং আহত হয়েছেন অন্তত এক হাজার মানুষ। তবে অন্য একটি সূত্রে নিহতের সংখ্যা ২০৩ জন বলে জানানো হয়েছে।

লেবাননের স্বাস্থ্যমন্ত্রী রাকান নাসেরেদ্দিন জানিয়েছেন, বুধবারের হামলাতেই ২০৩ জন নিহত এবং ১ হাজারের বেশি মানুষ আহত হয়েছেন। এর আগের দিনের হামলায় আরও ১৮২ জন প্রাণ হারান এবং প্রায় ৮৯০ জন আহত হন।